# "FACTFUL ENDEAVOUR"

(THE WALL MAGAZINE)

Date: 06th April 2023

**PUBLISHED BY**

**MR. SANKHA ROYCHOWDHURY , DR. N. N. BALA**
**FACULTY, STAFF**
**AND**
**ALSO OUR BELOVED STUDENTS**

**BCDA COLLEGE OF PHARMACY & TECHNOLOGY**
**HRIDAYPUR, BARASAT, KOLKATA-700127**

# "বঞ্চিত করে বাঁচালে মোরে"

*ডঃ শৈলী চৌধুরী*
*অধ্যাপিকা*

নাহয় আমি বঞ্চিত রইলাম
তোমার রজনীগন্ধা গন্ধ টুকু পেতে
নাহয় আমি বঞ্চিত রইলাম
চোখ থাকতেও অন্ধ টুকু হতে।

নাহয় আমি বঞ্চিত রইলাম
তোমাদের ওই চোখ ধাঁধানো খেলায়
নাহয় আমি বঞ্চিত রইলাম
তোমায় করা আমার অবহেলায়।

নাহয় আমি বঞ্চিত রইলাম
আবার করে প্রমান দিতে যাদের
বঞ্চিত আমি রইলামই নাহয়
নিত্ত্বি মেপে সমান হতে তাদের।

বঞ্চিত যেন কোরোনা তুমি মোরে
কৃতজ্ঞতা  নাহয় যেন ভারী
ভুলতে গেলে মুহূর্ত ক্ষণ লাগে
মনে রাখাই ভীষণ দরকারি।



## ফুরোনোর আগে...

এখনো সব ফুরিয়ে যায়নি বলে
ভরা শ্রাবনে বকুল গাছ টা ভিজে যায়।
মেঘ সরে গেলে বারান্দায় রোদ আয়েশ করে.....
কাথাঁ জড়িয়ে আড়মোড়া দিয়ে সকাল হয়।
সব আছে বলে টের পাইনা।
এখনো স্মৃতিতে বসন্ত বিলাপ, সহজ পাঠ
বই থেকে উঠে নাড়িয়ে যায়।

আজও আমি চোখ মেললুম আকাশে, জ্বলে উঠল আলো পূবে পশ্চিমে। লাইন গুলো মনে
হলেই একখানা মুখ
ভেসে ওঠে।
আজও আচার্য্যরা বেঁচে আছেন বলে
শুনি পড়াটা ঠিক করে করো
আজও সব গোপন বলে,
বন্ধুরা সব মনের কথা বলে
আজও মনে হয় আছি বলে,
দেখার বাকী - রোম ভেনিস জার্মানী।
ভাবি, অন্তত একজন সবকিছু ছেড়েছুঁড়ে
আমার লেখায় ভাগ বসাবে, খুব ঠাটায়।
রেগে মেগে আগুন হলে নিয়ে আসবে আমার জন্য
এক ব্যাগ ঠান্ডা আইস্ক্রিম॥
আজও ভুলের শাস্তি এখানেই।
ভালোর পুরস্কার এখানেই। প্রকৃতির নিয়মে চলে। আজও ধ্বংসাবশেষ র ওপর পাইপ টানে
আর যে কটা দিন আছে, অন্তত গান শুনবো বলে ..... চোখ খুলে ভাববো, হয়তো যুদ্ধ থেমে
গেছে....
এই সব কিছুই
আজও ফুরিয়ে যায়নি বলে
আজও আছি বলে


আস্থা ঘোষ

B. PHARMM 3RD YEAR

# চার বছরের বিদায় বেলা

সুনিতা মন্ডল (3rd Year)

চার বছরের একঘেয়েমি ক্লাসে
অমনোযোগ, স্যারের বকা, ম্যামের
চিৎকার বড্ড যেন অসহ্যকর
অ্যাসাইনমেন্ট আর স্লটের চাপে ঘুম
আসেনা, চার ঘন্টার ল্যাবের মাঝে
আড্ডা দেওয়া দরকারি।
ক্যান্টিনেতে হৈ-হুল্লোড় বন্ধুদের
সাথে কতই ছবি, অনেক
মজা, অনেক হাসি, সেমিস্টার
শেষে অনেক মজা, ঘুরতে
যাওয়া মেন্ডাটরি, সবার শেষে
বিদায় বেলায় মনে পড়ে হাজার
স্মৃতি, কলেজ জুড়ে স্মৃতির মেলা।
চোখের কোনে জলের ফোঁটা, মনে পড়ে
সেই পুরানো ক্লাসরুম, ল্যাব, স্যার
ম্যামেদের চিৎকার, আজ যেন সব কিছুই
স্মৃতির অ্যালবাম, কিছুটা ভালো, কিছুটা
খারাপ, মন চাই ফিরে পেতে
সেই অসহ্যকর, একঘেয়ে চার বছর।



DEFINITION OF TIME

Time is slow when you wait!
Time is fast when you are late!
Time is deadly when you are sad!
Time is short when you are happy!
Time is endless when you are in pain!
Time is long when you feel bored!
Everytime, time is determined by your
feelings and your physhological conditions.
and not by clocks. So have a nice time always.

Riya Kumari
B. Pharm. 1st ye



# তুমি

সৌম্যদীপ ঘোষ
( 1ST YEAR )

তখন আমার নেইকো সেরাম কেউ,
হটাৎ করে আনলে সেদিন একরাস প্রেম [illegible]।
দিন পালটে পড়লো অন্য দিনে .
তখন আমার চলে না তুমি বিনে ।
তখন তুমি অন্য রকম ছিলে .
ঠেলে দিতে তোমার মনের ঝিলে ।
সাতাঁর জেনেও খেতুম হাবুডুবু .
দেখেও তুমি হাত বাড়াতে না তবু ।

রুদ্র আখিতে .মায়াখানি দেখতে আমি পেতাম;
মায়াটানে তোমার কাছে আরও ই থেকে যেতাম ।
হটাৎ দেখি মায়ার জালে আটকেছো এককোণে .
আমি তখন আত্মহারা হচ্ছি মনে মনে ।

তুমি যেদিন দিলে হাতছানি
বুঝলুম কিছু না কিছু আছে অনেকখানি
যেদিন তুমি ডাকলে অবশেষে
হারিয়ে গেলাম তোমার সাথে তেপান্তরের দেশে
যেই তুমি দিলে হাতের ছোয়া
মুহুর্তে তেই হৃদয় গেল খোয়া

জানো
যখন তোমার রক্তিম দিন আসে,
তোমার ব্যাথায় অশ্রুতে আমার চোখটি ভাসে ।
তোমার ব্যাথায় আমার মনে বড্ড মায়া হয় .
মনে আছে তুমি হারানোর ভয় ।


"ভালোবাসি" বলবে যেদিন পিছন থেকে ডেকে!
সেদিন আমি জ্ঞানহারাবো তোমার আঁখি দেখে।
এই কবিতা আর কেউ না তোমায় নিয়েই লেখা .
তোমায় পেয়ে নতুন করে বাঁচতে আমার শেখা ।





Rima
29/03/2023
RIMA BHATTACHARYYA
1ST YEAR.



অনি 23'
ANIRBAN SAMUI
2nd Year


-: মূল্যবোধ :-
দেখতে পেলাম পথে সেদিন
মানুষ কত মূল্যবোধ হীন
আপন স্বার্থ নিয়েই ওরা আছে
অন্যের প্রান মূল্যহীন ওদের কাছে
উপকার করার কোনো নেই সময়
যদি হয়ে যায় কোনো আর্থিক ক্ষয়
অর্থের দিকে আছে ওদের গভীর গ্রাহ্য
কেন করবে ওরা অন্যের সাহায্য
মানুষ শুধুই দেখে লাভ ক্ষতি
তাইতো বেড়ে চলছে দিকে দিকে অন্যায় ও দুর্নীতী-
যতই করুক কেউ সাহায্যের চিৎকার
দেখবে দাঁড়িয়ে দাঁড়িয়ে ওই অনাচার
অন্যায় কে দেখেও করবে না দেখার ভান
বাঁচাতে ব্যস্ত আপন মূল্যবোধ হীন প্রান
কখনোই তারা ন্যায় বিচার করে না
চোখে পড়ে থাকে দুর্নীতীর কালো চশমা
আপন স্বার্থ যদিনা আসে
থাকে না মানুষ কারোর পাশে
করে চলেছে প্রতিনিয়ত সততার অভিনয়
বিপদে আমি আছি তোমার পাশে কজনে কয়?
কেন এতই মূল্যবোধ হীন
হয়ে চলেছে মানুষ দিনের পর দিন ॥
— Sayan Dandapat.


Debasmita Sinha
1st Year




Sunita Hajra, 4th year.

# A Star, in the night Sky.

I see a star in the night sky, and I wonder,
What defines it's bright light?
Perhaps, is it the happiness in it's heart
Or, is it the lonliness it signifies.
Is it the positivity in it's eyes,
Or, is it the darkness it tries to nullity
I see a star in the night sky, and I wonder.....

I wish; I can be like a star one day,
Illuminating the darkness in the hearts,
Filling them with the hopes of joy,
and wiping those tears of sadness.
I see a star in the night sky, and I wonder,
I see a star in the night sky, and I wonder.

—by Suprabha Sarkar
(3rd year)

## Dickinsonia:India's only fossil of world's oldest animal


Dickinsonia,one of the rarest fossils in the world,has been discovered in Madhya Pradesh's Bhimbetka rock shelters,about 40 kms away from the city of Bhopal.Dickinsonia is an extinct genus of a basal animal that lived during the late Ediacaran period. The fossils are known only in the form of imprints and casts in sandstone beds.Researchers believe they have found Dickinsonia that dates back 570 million years on the roof of the auditoriam cave at Bhimbetka.


The Bhimbetka rock shelters were found by VS Wakankar 64 years ago.Science then,many researchers have visited that side.However,the Dicinsonia fossil remained undetected.

Dikinsonia fossils found in other parts of the world exceeded 4 feet in length. But the one found in Bhimbetka is 17 inches long,reported The Times of India.

The fossil was hidden in plain sight and was discovered by chance when two experts from the Geological Survey of India(GSI) was exploring Bhimbetka ahead of 36th International Geological Congress.The experts spotted the leaf like impression 11 feet above the ground and it was almost blending with rock.It could have been easily mistaken for pre-historic rock art said the experts.

**-Supratim Datta**


A Community Pharmacist's Brain....
Phonecall
MURS
Check
DISEASE
LEGAL RESPON-SIBILITIES
DEALING WITH OTHER PROFESSION
Why!
PATIENT WORRIES
WAITING PATIENTS
LINE MANAGER
Do work!
ENHANCED LEVEL SERVICES
SYMPTOMS
Family
C.P.D
PROTECT
Sleep
STUDY
SOCIAL
How Help?
CLINICAL Reviews
Money
Sneha Kundu, B.Pharm(3rd Year)



Supriti Dan (1st year)

# ঘুম এসে যায়

~ সোমনাথ কারক, চতুর্থ বর্ষ

আকাশ ঢেকেছে ঘন কালো মেঘে। আকাশের হলুদ মিটমিটে আলোরা একে একে ফিরে গেছে যে যার বাড়ি। আজ ওদের ছুটি। ছেলেটা জানলার পাশে বসে বইয়ের পাতা উল্টোচ্ছে, আর কিসব লিখছে। কারেন্ট নেই আজ। বাবা জ্বেলে দিয়ে গেছেন হ্যারিকেন। ক্লান্ত শরীর এলিয়ে দিয়েছেন তিনি, নাক ডাকার আওয়াজ ভেসে আসে ওদিক থেকে। আজ মায়ের সাথে কথা হয়নি ছেলেটার। মা একবারও আসেননি ওকে দেখতে আজ। কোথায় মা? আকাশ তো পুরো অন্ধকার, তবে কি আজ ঘুমিয়ে পড়েছে এক্ষুনি?

ঝিমঝিম বৃষ্টি শুরু হয়। শব্দ আসে টিনের চালা থেকে। ছেলেটার মন খারাপ করে মায়ের জন্য। খালি মনে হয় মা বুঝি ওকে একটুও ভালোবাসেনা এখন। প্রতিদিন রাতে সে মাকে বড়ো বড়ো অক্ষরে ছেঁড়া চিঠি লেখে। সযত্নে লুকিয়ে রাখে বইয়ের পাতার ভাঁজে। বাবাকে দেখায় না। ওগুলো দেখলেই বাবার চোখে মেঘ জমে। বাবা কেন জানি কাঁদেন। ভারী হয়ে আসে গলা। চোখ মোছেন চশমা সরিয়ে।

বাইরে থেকে হঠাৎ ঝড়ের শব্দ শোনা যায়। খুব জোরে। ডাল ভেঙে পড়লো বুঝি মট করে। ছেলেটা বিষণ্ন মুখে বাইরে তাকায়। গাছেরা দুলছে, আর মাথা ঠোকাচ্ছে এর ওর সাথে। আচমকা লক্ষ্য করে দুটো বিড়াল ভিজছে বৃষ্টিতে। একনাগাড়ে। ছানাটা কাঁপছে, আড়াল করে আছে মা। কেমন যেন বেজার দৃষ্টিতে এদিক সেদিক তাকাচ্ছে। পা টিপে টিপে এগিয়ে যায় ছেলেটা, ছিটকিনি টা খুলে বাইরে বেরোয়। হ্যারিকেন টা হাতে নিয়ে আলগা করে গোয়াল ঘরের কাঠের দরজাটা। পিছু পিছু আসে বেড়াল দুটি। পেতে দেয় মোটা চটের বস্তা।

ফিরে এসে সাবধানে ঘরে ঢোকে ছেলেটা। কাকভেজা হয়ে গেছে পুরো। বাবা টের পেলেই মুশকিল। রক্ষে থাকবেনা আজ আর। দরজাটা হাত দিয়ে সরাতেই দেখে গম্ভীর মুখে দাঁড়িয়ে আছেন বাবা। প্রাণ যায় যায় অবস্থা ছেলেটার! বাবা আজ আর বকেন না। গামছা দিয়ে মুছিয়ে দেন ভেজা গা - চুল। ফু দিয়ে নিভিয়ে দেন হ্যারিকেনটা। ছেলেটা চুপচাপ গিয়ে পা মুছে শুয়ে পড়ে খাটে। বাবাও এসে শুয়ে পড়েন পাশে।

ঘুমের রাজ্য কি দারুন! কোনো চিৎকার- চেঁচামেচি নেই, নেই বাবার কাজে যাওয়া। সারাক্ষণ মায়ের আদর। শুধুই খুশি। অনাবিল আনন্দ, হইচই আর মজা। কি সুন্দর নতুন নতুন স্বপ্ন ভাসে ঘুমের দেশে। কত প্রাসাদ, কতো বড়ো বড়ো বাড়ি, রঙিন বাগান! মা বসে আছেন ওই কদমতলায়, হলুদ কমলা উলে আসন বুনছেন। একটা, দুটো করে প্রতিটা চিঠি পড়ছেন। মুচকি হাসছেন। আদর করে দিচ্ছেন ছেলেকে। খাইয়ে দিচ্ছেন ভাত ডাল পুঁই শাকের তরকারি, বেগুন ভাজা। কাঁটা বেছে দিচ্ছেন মাছের। বেড়াল দুটো পিটপিটিয়ে তাকিয়ে আছে ওদিকে। ওরাও পাবে যা পড়ে থাকবে। মা এবার ছেলেকে গল্প বলবেন, রাজকুমারীর গল্প, বানরের গল্প। বহুদিন পর একসাথে শোবে ওরা তিনজনে। ছেলেকে ঘুম পাড়িয়ে মা আবার হারিয়ে যাবেন,ওই দূরে হলদে আলোর দেশে। স্বপ্নের দেশে। চুপিচুপি।।

# ঘুমচোখে

~ সোমনাথ কারক, চতুর্থ বর্ষ

বোর্ডে উঠেছেন ডি এস স্যার। ইন্সট্রুমেন্টাল অফ অ্যানালাইসিস ক্লাস। পড়াচ্ছেন আল্ট্রা ভায়োলেট স্পেকট্রোস্কোপি। কোনোভাবে ভুল করে এঁকে ফেলেছেন ভিবজিয়র এর আটটি পোর্শন। রীতিমত এক এক করে বসিয়েছেন  সাতটি রং। কোত্থেকে একটা 'ইউ' এসে জুড়ে বসেছে মাঝখানে। এখন রং আটটি। স্টুডেন্টস রা বলে যাচ্ছে, স্যার বসাচ্ছেন।

এতক্ষণে খেয়াল করেছেন স্যার। বকুনি দিয়ে বলে ওঠেন - "অ্যায় 'ইউ' কে বলেছো? কোন্ কালার হয় 'ইউ' দিয়ে?" পেছন থেকে বড়ো বড়ো কোকড়ানো চুলে ছেলেটা বলে ওঠে, "স্যার 'ইউ' মীনস তুমি।" বলেই পাশে বসা মেয়েটার দিকে তাকায় ছেলেটা। মেয়েটা শিমূল মুখখানা নামিয়ে নেয়, লজ্জায়। ছেলেটা আবারও বলতে শুরু করে, "এ রঙ সবার চোখে পড়েনা। ভালোবাসার রঙ। এ রঙ গোপনে। নিভৃতে। নির্জনে। বসন্তের কোনো এক নিষ্প্রভ গোধূলিতে ওর চোখে দেখি আমি এ রঙ। মেতে উঠি এই আশ্চর্য্য রঙের খেলায়। সারা শরীরে ছড়িয়ে পড়ে এর বাহার। অন্ধকারেও জ্বলজ্বল করে ওঠে এই 'ইউ' নামের রঙটা। আমি শুধু দেখতে থাকি, দেখতেই থাকি। আর বিস্মিত হই, বারেবারে!" মেয়েটির নরম আঙুল আলতো করে ঠোকা মারে ছেলেটার হাতে। রেগে ওঠেন স্যার। ধমক দিয়ে বলেন, "অ্যাই মিশকা উঠে দাঁড়াও। কী হচ্ছে এসব? এটা ক্লাসরুম, ভুলে যেও না।" এতক্ষনে ভয়ে ভয়ে উঠে দাঁড়ায় মেয়েটাও। হাতে হাত রাখা বেহিসাবী ছেলেটা শুরু করে -

সাক্ষী থাকুক ক্রেবস সাইকেল, প্রথম সিট ছাড়ার দিন  
সাক্ষী থাকুক ফুড ফেস্টিভ্যালে আর্টপেপার, ড্রয়িং পেন্সিল।  
সাক্ষী থাকুক অটো স্ট্যান্ড, বসন্তের প্রথম শব্দের ভাব  
সাক্ষী থাকুক অফিস রুম আর উষ্ণ গোধূলী আলাপ।  
সাক্ষী থাকুক ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং, প্রোজেক্ট রিপোর্ট সাবমিশন  
সাক্ষী থাকুক ক্লাস বাঙ্ক, ল্যাবরেটরির ট্যাবলেট- জেল প্রিপারেশন।  
সাক্ষী থাকুক মেট্রোর রবীন্দ্রনাথ, বৃষ্টিস্নাতা ধূসর সরোবর  
সাক্ষী থাকুক কাদামাখা প্যান্ট আর ফেরার ফটোসেশন।  
সাক্ষী থাকুক ডার্ক-সার্কেল, স্টার মল, ক্যান্টিন-ক্লাসরুম  
সাক্ষী থাকুক খাটো-চুল, আমূল কুল... রাত তিনটের পিং।।

আচমকা ক্লাস শেষের ঘন্টায় হইহই পড়ে যায় সারা রুমে। ঘুমটা ভেঙে যায় ছেলেটির। তবে? যাঃ, ও এতক্ষন ড্রিম-ওয়ার্ল্ডে? কি সব বিদঘুটে স্বপ্ন দেখে আজকাল! আরেকটু হলেই বোধহয় গার্জেন কল হতো এবার। ছেলেটি ঠোঁট চেপে দাঁত দিয়ে। একটু বেশিই অবসেসিভ হয়ে ওঠছে মেয়েটিকে নিয়ে। বড্ড কাব্যিক হয়ে পড়ছে দিনে দিনে! বেঞ্চে ব্যাগের উপর মাথা ঝুঁকিয়ে চেক করে মেসেঞ্জার। এই তো রিপ্লাই এসেছে 'ইউ' নামের ঐ নতুন রঙের থেকে। এবার তবে একটু অকাল বসন্ত নামলো বলে! চ্যাটবক্সে।।


Manas Pratim Dhara.
04.04.2023
2nd Year Section B



Sudipta Paul
(3rd year)

## ISRO LAUNCHES YOUNG SCIENTISTS PROGRAMME FOR STUDENTS

The Indian Space Research Organization (ISRO) has started a special program called "Young Scientist Program" for school children from this year. The objective of this program is mainly to impart basic knowledge on space technology, space science and space applications to youth with the intention of arousing their interest in the emerging fields of space activities.

The selection of children will be done on the basis of their educational performance and non-academic activities. Selection of children from rural areas will be preferred in this program. ISRO Chairman K SIVAN said, "students will be taken to the ISRO and BENGALURU facility centers. Apart from this, they will also be taken to the launch center and lab of SRIHARIKOTA. Students will also be given the opportunity to make small satelites.

**SUJAY PAUL 3RD YEAR**


WALL MAGAZINE
( 2023 )

## BCDA College of Pharmacy & Technology

**78 Jessore Road (S), Hridaypur, Barasat, Kolkata -700127**

**ESTD. 2006**

**Approved by P.C.I., Affiliated to M.A.K.A.U.T., & Recognized by Govt. of W.B**

### COURSE CONDUCTED: B.PHARM AND M.PHARM (PHARMACEUTICS)

**UPCOMING M.PHARM PROGRAMS:**
**PHARMACEUTICAL CHEMISTRY & PHARMACOLOGY**



**An initiative of**

## BCDA Members Benevolent Trust



**Some moment of publishing our wall magazine**













# Thank you



**Phone: 2584 2665, Fax: 2584 2433,**
**9433841204 (M),**
**What's App: 7044449810**
**E-mail: bcda_principal@yahoo.co.in / principal@bcdapt.com**

**Estd. 2006**

For more details, visit our website: www.bcdapt.com/hridaypur
& www.bcdapt.com